কালের কণ্ঠ

তারিখ ... 30 JAN 2017 ...
পৃষ্ঠা ...2... কলাম...6... ......

### সাবেক পানিসম্পদ প্রতিমন্ত্রী মাহবুব

# ১১ শিক্ষাপ্রতিষ্ঠানে সভাপতির দায়িত্ব পালনে নিষেধাজ্ঞা

**নিজস্ব প্রতিবেদক ▷**

নিজ সংসদীয় এলাকার ১১টি শিক্ষাপ্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের সভাপতি হিসেবে সাবেক পানিসম্পদ প্রতিমন্ত্রী ও পটুয়াখালী-৪ আসনের সরকারদলীয় সংসদ সদস্য মো. মাহবুবুর রহমান তালুকদারের দায়িত্ব পালনের ওপর হাইকোর্ট নিষেধাজ্ঞা দিয়েছেন। দুই মাসের জন্য এ নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে। একই সঙ্গে তাঁর দায়িত্ব পালন কেন বেআইনি ঘোষণা করা হবে না তা জানতে চেয়ে রুল জারি করা হয়েছে। বিচারপতি সৈয়দ রেফাত আহমেদ ও বিচারপতি মো. সেলিমের হাইকোর্ট বেঞ্চ গতকাল রবিবার এই আদেশ দেন। একই এলাকার কলাপাড়া উপজেলা আওয়ামী লীগের সাবেক সাধারণ সম্পাদক এস এম ফজলুর রহমানের (শানু শিকদার) করা রিট আবেদনে প্রাথমিক শুনানি শেষে এই আদেশ দেওয়া হয়। রিট আবেদনকারী পক্ষে আইনজীবী ছিলেন ব্যারিস্টার সৈয়দ মো. জাহাঙ্গীর হোসেইন।

ডেপুটি অ্যাটর্নি জেনারেল অমিত তালুকদার জানান, আপিল বিভাগের রায় অনুসরণ করা হচ্ছে না উল্লেখ করে রিট আবেদন করা হয়। আদালত নিষেধাজ্ঞা দিয়েছেন।

হাইকোর্ট গত বছর ১ জুন ব্যবস্থাপনা কমিটি গঠন বিষয়ে ২০০৯ সালের 'মাধ্যমিক উচ্চ মাধ্যমিক স্তরের বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠান গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি প্রবিধানমালা'র ৫ ও ৫০ ধারা সংবিধানের সঙ্গে সাংঘর্ষিক বলে রায় দেন।